গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৭৪.১৯-৫৮৮ তারিখ: ৩১ -০৫-২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ শাখার পত্র নং-০৭.০০.০০০০.১৭৩.১৩.০০৯.১৮-২৭ তারিখ ১৩-০৩-২০২২ খ্রিঃ এর পত্রটি পৃষ্ঠাংকন করতঃ আদিষ্ট হয়ে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

বরাবর,

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ(প্রশাসন)/অতিঃ সিজিএ(হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল ।

৩১/৫/২২
**(মো:জাকির হোসেন)**
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৬২৯১৩।

E:\Ridoy Shikder\FOlder-874\Application.docx 19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৯.১৮-২৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: পেনশন ভোগরত অবস্থায় ২য় বিবাহ করলে পেনশনারের মৃত্যুর পর ২য় স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৬৭.২০১৯-৫২০, তারিখ: ২৭-০২-২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, "পেনশন ভোগরত অবস্থায় ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে পেনশনারের মৃত্যুর পর তাঁর ২য় স্ত্রী/স্বামী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না।"

১৩.০৩.২০২২
(শাববীর আহমদ)
উপসচিব
ফোন: ৫১০০০৭৮

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৮৬৭.২০১৯- ৫২০ | তারিখঃ ২৭-০২-২০২২খ্রিঃ।

প্রাপকঃ

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিঃ সচিব, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।]

**বিষয়ঃ** জনাব সাজেদা বেগম এর পেনশন কেইস নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। জনাব শরাফত উল্লাহ, প্রাক্তন মহাপরিচালক ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি মন্ত্রণালয় ০১/০৩/১৯৮৪খ্রিঃ তারিখে অবসর গ্রহণ করেন। পেনশন ভোগরত অবস্থায় তিনি ১৬/০১/১৯৮৯খ্রিঃ তারিখে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হন এবং তিনি পেনশন ভোগরত অবস্থায় ০২/০৬/২০১৭খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। বর্তমানে তাঁর ২য় স্ত্রী জনাব সাজেদা বেগম বিধি মোতাবেক অর্ধেক (৫০%) মাসিক অবসর ভাতা প্রদানের জন্য এ কার্যালয়ে আবেদন করেন। তাঁর ১ম স্ত্রী জনাব শিরীন রহমান বর্তমানে আমেরিকার ক্যালিফোর্নিয়ায় বাস করেছেন এবং তিনি তাঁর স্বামীর শেষ ইচ্ছা অনুযায়ী তাঁর ২য় স্ত্রী জনাব সাজেদা বেগমকে পারিবারিক পেনশন প্রদান করতে কোন প্রকার আপত্তি নাই বলে অঙ্গীকার করেন (কপি সংযুক্ত)। উল্লেখ্য মরহুম শরাফত উল্লাহ,প্রাক্তন মহাপরিচালক জীবিত কালীন সময়ে (২৩/০১/২০১১ খ্রি: তারিখ)তার পূর্ণ পেনশন প্রদানের জন্য দ্বিতীয় স্ত্রী জনাব সাজেদা বেগমকে মনোনয়ন প্রদান করেন।

সরকারী কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ জারী হওয়ায় পরও অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০১৮খ্রিঃ তারিখের ৪০ নং আদেশটির কার্যকারীতা নিশ্চিতকরণ/স্পষ্টিকরণের জন্য ১৮/০১/২০২১খ্রিঃ তারিখে ২৩৫ নং স্মারকের মাধ্যমে সিজিএ কার্যালয় হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ০৪/০৩/২০২১খ্রিঃ তারিখে ৩৫ নং স্মারকের মাধ্যমে পেনশন ভোগরত অবস্থায় ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে পেনশনারের মৃত্যুর পর তাঁর ২য় স্ত্রী/স্বামী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না বলে সিদ্ধান্ত প্রদান করা হয়। জনাব সাজেদা বেগম এর আলোচ্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য নিম্নে বর্নিত বিষয়ে স্পষ্টিকরণ প্রয়োজন:

১) সংশ্লিষ্ট পেনশনার ১৬/০১/১৯৮৯খ্রিঃ তারিখে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হন এবং তিনি পেনশন ভোগরত অবস্থায় ০২/০৬/২০১৭খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০১৮খ্রিঃ তারিখের ৪০ নং পত্রটি জারীর পূর্বে সংশ্লিষ্ট পেনশনার ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া এবং মৃত্যুবরন করায় তাঁর ২য় স্ত্রী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন কিনা;

২) কোন চাকুরীজীবি অবসর গমনের পর বিবাহ বন্ধনে আবদ্ধ হলে (১ম/২য় বিবাহ) এবং সেই স্ত্রী কে ১০০% বা স্ত্রীদ্বয়কে আংশিক পেনশন নমিনী করলে তিনি পেনশন প্রাপ্য হবেন কিনা;

৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০১৮খ্রিঃ তারিখের ৪০ নং পত্র অনুযায়ী কোন কর্মচারী অবসরে গমনের পর ২য় বিবাহ করলে ২য় স্ত্রী পেনশন প্রাপ্য হবেন না। কিন্তু কোন সরকারী কর্মচারী চাকুরীরত অবস্থায় বিবাহ না করে অবসর গমনের পর বিবাহ করলে সে স্ত্রী পেনশন প্রাপ্য হবে কিনা;

মতামতঃ সরকারি কর্মচারীগণের পেনশন অধিকতর সহজীকরণ আদেশ/২০০৯ এবং সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরন আদেশ/২০২০ এর অনুচ্ছেদ ৩.০১ মোতাবেক সরকারি চাকুরীজীবি চাকরিরত অবস্থায় অথবা পরবর্তীতে যে কোন সময় পরিবারের এক বা একাধিক সদস্যকে পেশনের সম্পূর্ন বা আংশ বিশেষের জন্য উত্তরাধিকারী মনোনীত করতে পারবেন। ২য় স্ত্রী যেহেতু পরিবারের সদস্য এবং সংশ্লিষ্ট পেনশনার অর্থ বিভাগের ০১/০৪/২০১৮খ্রিঃ তারিখের ৪০ নং পত্রটি জারীর পূর্বে ২য় বিবাহ করে মৃত্যুবরণ করেছেন এবং পেনশনারের দুই স্ত্রী ব্যতীত পেনশন প্রাপ্তির জন্য অন্য কোন ওয়ারিশ নেই,সেহেতু এ ক্ষেত্রে ২য় স্ত্রী জনাব সাজেদা বেগম এর নামে ৫০% পেনশন প্রদান করা যেতে পারে। দ্বিতীয়ত কোন সরকারি কর্মচারী অবসরে গমনের পর বিবাহ (১ম/২ বিবাহ) বন্ধনে আবদ্ধ হলে অর্থ বিভাগের ০১/০৪/২০১৮খ্রিঃ তারিখের ৪০ নং পত্র মোতাবেক ঐ স্ত্রী (১ম/২য় স্ত্রী) পেনশন প্রাপ্য নন বলে এ কার্যালয় মনে করে।

এমতাবস্থায়, বর্নিত বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে .

২৭/২/২০২২
(ফাতেমা ইয়াসমিন)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা।
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৯.১৮-৩৫

১৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ:
০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: পেনশন ভোগরত অবস্থায় ২য় বিবাহ করলে পেনশনারের মৃত্যুর পর ২য় স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৬৭.২০১৯-২৩৫, তারিখ: ১৮-০১-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৪.১৫-৪৩ নং স্মারকটির বিষয়ে স্পষ্টীকরণের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত নির্দেশক্রমে জানানো হলো:

"পেনশন ভোগরত অবস্থায় ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে পেনশনারের মৃত্যুর পর তাঁর ২য় স্ত্রী/স্বামী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না।"

(খালেদা নাছরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৮১

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৭৪.১৯-২৯৬ তারিখ: ১৮-০৩-২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখার পত্র নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৯.১৮-৩৫ তারিখ ০৪-০৩-২০২১ খ্রিঃ এর পত্রটি পৃষ্ঠাংকন করতঃ আদিষ্ট হয়ে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ(প্রশাসন)/অতিঃ সিজিএ(হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল ।

21/03/2021
(কামরুন নেছা)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক(পদ্ধতি)
ফোনঃ ৮৩৬২৯১৩।
dcgaproc@cga.gov.bd